

সম্মান
যোগাযোগ
অধিকার
বিশ্বস্বত্বা
মর্যাদা
সম্প্রদায়

কোকা-কোলা কোম্পানি এবং মানবাধিকার

দলনেতার কী জানা কী করা প্রয়োজন

The Coca-Cola Company

মানবাধিকারের প্রতি সম্মান প্রদর্শনে আমাদের অঙ্গীকার

কোকা-কোলা কোম্পানি মানবাধিকারকে গুরুত্বসহকারে বিবেচনা করে। আমাদের কোম্পানির সাফল্য এর গুণমান, সততা এবং উৎকর্ষের উপর নির্মিত। কোম্পানি মানবাধিকার বজায় রাখার জন্য এইসকল গুণমানকে দায়িত্বপূর্ণভাবে প্রয়োগের প্রত্যাশা করে।

আপনি একজন দলনেতা হিসেবে আপনার দলের মধ্যে মানবাধিকারের প্রতি সকলকে প্রতিজ্ঞাবদ্ধ হতে এবং কোম্পানির মানবাধিকার নীতিমালাকে সমন্বিত করতে, এই পুস্তিকাটি আপনার দৈনন্দিন কাজের সহায়তাকারী পথপ্রদর্শক হিসেবে, উভয় ক্ষেত্রের জন্যই প্রদান করা হয়েছে। আমরা আমাদের ব্যবসার সকল ক্ষেত্রে মানবাধিকারের প্রতি শ্রদ্ধাশীল হতে আমাদের প্রতিশ্রুতিগুলি পূরণ করি, যা আমাদের সহকর্মী এবং অন্যদের সাথে কাজ করার স্বাভাবিক পদ্ধতির অঙ্গ।

তাহলে কী আশা করা যেতে পারে?

- আপনি যে কাজ করেন তার অংশ হিসেবে, আমাদের মানবাধিকার নীতিমালার সাথে সামঞ্জস্য রেখে, মানবাধিকারের প্রতি সম্মান প্রদর্শন করুন। অন্য কথায় বলা যায় যে কখনো মত কাজ করুন। যেকোনো টিম মিটিং-এ হিউম্যান রাইটসকে যুক্ত করুন এবং “শ্রদ্ধার” সঠিক পরিচয়কে আপনার ব্যবহারের মাধ্যমে প্রদর্শন করুন।
- মানবাধিকারের নীতিমালা কোম্পানির অভ্যন্তরে এবং বাহিরে উভয় ক্ষেত্রেই প্রযোজ্য। সরবরাহকারী, গ্রাহক, কমিউনিটি এবং অন্য যেকোনো দলের সাথে যুক্ত হওয়ার ক্ষেত্রে, যারা হয়তো আমাদের কাজকর্ম দ্বারা (অথবা আমরা যা না করি তার দ্বারা) প্রভাবিত হতে পারেন, তাদের প্রতিও আপনার সহকর্মীদের সাথে যেমন ঠিক সে রকমই মানবাধিকার প্রদর্শন করুন।
- যেকোনো নতুন ব্যবসায়িক প্রক্রিয়া, অধিগ্রহণ অথবা অন্য যেকোনো কার্যকলাপকে মানবাধিকারের দৃষ্টিভঙ্গি দিয়ে দেখুন। আরও সাধারণভাবে একে ডিউ ডিলিজেন্স (কার্যকারী পদক্ষেপ) বলা হয়। মানবাধিকার লঙ্ঘন এড়িয়ে চলার সর্বোত্তম উপায় হল এটা নিশ্চিত করা যেন প্রথম থেকেই মানবাধিকার বিবেচনা করা হয় এবং কর্ম প্রক্রিয়া, অধিগ্রহণ বা কার্যকলাপ চলাকালীন সময় সেগুলোর প্রতি মনযোগী হওয়া যায়।
- যদি আপনি সাপ্লাই চেইন সংক্রান্ত কর্মকাণ্ডে যুক্ত থাকেন, বা যেকোন বিক্রোতার সাথে যুক্ত হন, তবে নিশ্চিত করুন যেন আপনি কোম্পানির সরবরাহকারী পথনির্দেশক মূলনীতিসমূহ মেনে চলছেন, যা মানবাধিকার নীতিমালার সাথেও সামঞ্জস্যপূর্ণ।
- মানবাধিকারের ঝুঁকিসমূহ যেকোনো দেশে এবং যেকোনো ক্ষেত্রেই আবির্ভূত হতে পারে। একজন দলনেতা হিসেবে, আপনাকে নতুন এবং সম্ভাব্য ঘটমান কোনো মানবাধিকার ঝুঁকির প্রতি খোঁজ খবর রাখতে হবে এবং অভ্যন্তরীণ চ্যানেলের মাধ্যমে সেগুলো সম্পর্কে রিপোর্ট করতে হবে। মানবাধিকার বিষয়টি গতিশীল এবং কোম্পানির কার্যালয়ের কারণে অনিশ্চিতভাবে অভ্যন্তরীণ এবং বাহ্যিকভাবে এক বা একাধিক মানবাধিকারের উপর প্রভাব পড়তে পারে।

- স্বপ্রণোদিত হন। আপনি যদি কোনো সম্ভাব্য মানবাধিকার লঙ্ঘন সম্পর্কে অবগত হন, তবে ততক্ষণেই তা রিপোর্ট করুন। ব্যবসায় আপনার উচ্চ পর্যায়ের ব্যক্তি, মানব সম্পদ বিভাগ, কোম্পানির আইনী পরামর্শদাতা বা এথিক্সসলাইন-এর মাধ্যমে সরাসরি রিপোর্ট করা যেতে পারে।
- একইভাবে, যদি আপনার কাছে কোনো ধরনের অভিযোগ আসে, তবে এটাকে গুরুত্ব সহকারে এবং সবিস্তারে তদন্ত শুরু করতে মানব সম্পদ বিভাগের সাথে কাজ করুন। যদি ব্যবস্থাপনা কোনো সংশোধনমূলক পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্ত নেন, তাহলে তা অনুসরণ করুন এবং মানব সম্পদ এবং/অথবা আইনী নির্দেশনার উপর ভিত্তি করে সে অনুযায়ী তৎক্ষণাৎ ব্যবস্থা নিন।
- কোম্পানির মানবাধিকার নীতিমালার প্রয়োগের ক্ষেত্রে ধারাবাহিকতা বজায় রাখা গুরুত্বপূর্ণ। কোনো একটি প্রদত্ত পরিস্থিতিতে কোন নির্দিষ্ট অধিকার কী অর্থ বহন করছে তা সম্পর্কে আপনি যদি নিশ্চিত না হয়ে থাকেন, তবে কোনো পদক্ষেপ নেওয়ার পূর্বে humanrights@coca-cola.com ঠিকানার মাধ্যমে গ্লোবাল ওয়ার্কস্পেস রাইটস টিমের সাথে যোগাযোগ করুন।
- মানবাধিকার সম্পর্কিত ঝুঁকি সম্পর্কে আপনার দলকে উৎসাহিত করুন এবং এরকম একটি পরিবেশ গড়ে তুলুন যেখানে সেসকল উদ্বিগ্নগোলা স্বাধীনভাবে এবং তৎক্ষণাৎ শেয়ার করা এবং সঠিকভাবে চিহ্নিত করা যায়।
- মানবাধিকারের ঝুঁকি চিহ্নিতকরণে এবং তা ব্যবস্থাপনায় আপনার এবং আপনার দলের সহায়তাকারী উপকরণ হিসেবে দেওয়া দি কোকা-কোলা কোম্পানি হিউম্যান রাইটস অ্যাপ ডাউনলোড করুন (KO App স্টোরের মাধ্যমে)।
- মানবাধিকার নীতিমালা সহ কোম্পানির মানবাধিকার সংস্থান বা রিসোর্সেস, সরবরাহকারীর পথনির্দেশক মূলনীতিসমূহ, হিউম্যান রাইটস ডিউ ডিলিজেন্স চেকলিস্ট, বাস্তবায়ন নির্দেশিকা এবং নিম্নলিখিত ওয়েবসাইটে প্রাপ্ত অন্যান্য সংস্থানগুলো ব্যবহার করুন:

- <http://www.coca-colacompany.com/our-company/human-rights-policy>
- <http://www.coca-colacompany.com/our-company/supplier-guiding-principles>

যেকোন প্রশ্ন এবং আরো তথ্যের জন্য, ইমেইল করুন:
humanrights@coca-cola.com

The Coca-Cola Company

মানবাধিকার নীতি

সম্মান
যোগাযোগ
অধিকার
বিশ্বস্বত্বতা
মর্যাদা
সম্প্রদায়

মানবাধিকারের প্রতি শ্রদ্ধা

মানবাধিকারের প্রতি শ্রদ্ধা The Coca-Cola Company (দ্য কোকা-কোলা কোম্পানি)-এর একটি মৌলিক মূল্যবোধ। আমাদের কর্মচারী, সরবরাহকারী এবং অনধীন বটলারদের (যে সকল কোম্পানি বোতলে পানীয় ভরে) সাথে আমাদের সম্পর্কের ক্ষেত্রে আমরা ব্যবসা ও মানবাধিকার সংক্রান্ত UN নির্দেশক মূলনীতিসমূহ (UN Guiding Principles on Business and Human Rights) অনুসারে মানবাধিকারগুলিকে শ্রদ্ধা করার ও এগুলি প্রচার করার প্রচেষ্টা চালাই। আমাদের লক্ষ্য হল আমরা যে জনসমাজগুলিতে কাজ করি সেগুলির অভ্যন্তরে মানবাধিকারগুলির উপভোগ বাড়ানোর জন্য সাহায্য করা।

এই নীতিকে আন্তর্জাতিক মানবাধিকারের মূলনীতিগুলি নির্দেশদান করে যেটি মানবাধিকারের বিশ্বজনীন ঘোষণা (Universal Declaration of Human Rights), সাথে মৌলিক মূলনীতিসমূহ ও কর্মস্থলের অধিকারসমূহ সংক্রান্ত আন্তর্জাতিক অধিকারের বিল (International Bill of Rights) এবং আন্তর্জাতিক শ্রম সংস্থার 1998 ঘোষণার (International Labor Organization's 1998 Declaration) অন্তর্গত মূলনীতিগুলি দ্বারা পরিবেষ্টিত।

এই নীতিটি The Coca-Cola Company, আমাদের মালিকানাধীন সত্তাগুলি, আমাদের প্রধান স্বার্থগুলি জড়িত আছে এমন সত্তাগুলি এবং আমরা যেটির ব্যবস্থাপনাগুলি পরিচালনা করি, সেগুলির ক্ষেত্রে প্রযোজ্য। কোম্পানিটি এটিও আশা করে যে অনধীন বটলার ও সরবরাহকারীরা এইসকল মূলনীতিগুলির পক্ষাবলম্বন করবেন এবং তাদের নিজ ব্যবসায়িকভাবে অনুকূল নীতিগুলি গ্রহণ করতে তাদের প্ররোচিত করে।

আমাদের ব্যবসায় ও ড্যানু চেইন-এ (যে প্রক্রিয়া বা কাজকর্মের দ্বারা সামগ্রীতে মূল্য যোগ করা হয়) ব্যক্তিদের মানবাধিকার সংক্রান্ত ঝুঁকিগুলি সনাক্ত ও প্রতিরোধ করার একটি উপায় হিসাবে আমরা একটি যুক্তিযুক্ত সতর্কতা (due diligence) সাহায্য নিই। আমাদের ব্যবসায়িক কাজকর্ম থেকে বা দ্বারা সৃষ্ট মানবাধিকার সংক্রান্ত বিরূপ প্রভাবগুলিকে যেখানে আমরা সনাক্ত করেছি, সেখানে সেগুলির ন্যায্য ও যথাযথ প্রতিবিধান প্রদান করা বা এতে সহযোগিতা করার জন্য আমরা অঙ্গীকারবদ্ধ। তৃতীয় পক্ষগুলির সাথে আমাদের সম্পর্কের মাধ্যমে আমরা যে সকল বিরূপ প্রভাবের সাথে যুক্ত বা জড়িত আছি আমরা সেগুলির প্রতিবিধান পাওয়ার সাধনতা বৃদ্ধি করতে চাই।

The Coca-Cola Company'র চীফ এক্সিকিউটিভ অফিসার সহ বোর্ড অফ ডাইরেক্টররা মানবাধিকার নীতিটির (Human Rights Policy) তত্ত্বাবধান করেন।

জনসমাজ ও স্টেকহোল্ডারদের অংশগ্রহণ

আমরা উপলব্ধি করি যে, যে জনসমাজে আমরা কাজ করি আমরা সেগুলির অংশ। আমরা সেইসকল মানবাধিকার সংক্রান্ত বিষয়গুলিতে জনসমাজগুলির সাথে যুক্ত হই যেগুলি তাদের কাছে গুরুত্বপূর্ণ, যেমন জমির অধিকার, জল ও স্বাস্থ্যসেবা পাওয়ার অধিকার। আমরা সেইসকল জনসমাজের মানুষদের সাথে যুক্ত হই, যার অন্তর্ভুক্ত হলেন দেশজ মানুষ একই সাথে অন্যান্য দুর্বল ও অনগ্রসর গোষ্ঠী। আমরা কথোপকথনের মাধ্যমে সুনিশ্চিত করার লক্ষ্য নিই যে আমরা আমাদের ব্যবসা করার সাথে সাথে তাদের মতামতগুলিও শুনছি, তা থেকে জানছি এবং সেগুলি বিবেচনা করছি। আমরা বিশ্বাস করি যে স্থানীয় সমস্যাগুলিকে স্থানীয় পর্যায়ে সবচেয়ে যথাযথভাবে সমাধান করা যায়।

যেখানে যথাযথ, আমাদের ব্যবসার সাথে সম্পর্কিত মানবাধিকার সংক্রান্ত বিষয়গুলিতে আমরা বিস্তৃত নাগরিক সমাজ ও স্টেকহোল্ডারদের সাথে যুক্ত হই। আমাদের কোম্পানির, ড্যানু চেইন জুড়ে থাকা এবং আমাদের বিবিধ স্পনসরশিপ সংক্রান্ত সেইসকল বিষয়গুলি এর অন্তর্ভুক্ত, যার মাধ্যমে আমরা মানবাধিকারের প্রতি শ্রদ্ধা বাড়াতে চাই।

বৈচিত্র্য ও অন্তর্ভুক্তি

আমরা যে সকল ব্যক্তির সাথে কাজ করি তাদের বৈচিত্র্য ও অন্তর্ভুক্তিকে আমরা মূল্য দিই এবং এগিয়ে নিয়ে যাই। আমরা সমান সুযোগের প্রতি অঙ্গীকারবদ্ধ এবং বৈষম্য ও হয়রানির প্রতি অসহিষ্ণু। আমরা এমন কর্মস্থলগুলি বজায় রাখতে চাই যা জাতি, লিঙ্গ, বর্ণ, জাতীয় বা সামাজিক উৎস, জাতিভুক্ততা, ধর্ম, বয়স, অক্ষমতা, যৌন প্রবণতা, লিঙ্গ পরিচিতি বা অভিব্যক্তি, রাজনৈতিক মতামত বা প্রয়োজ্য আইনের দ্বারা সুরক্ষিত অন্যান্য যে কোনো অবস্থার উপর ভিত্তি করে করা বৈষম্য বা হয়রানি থেকে মুক্ত। কোম্পানিতে কর্মনিয়োগ, ভাড়া করা, স্থান প্রদান, উন্নয়ন, প্রশিক্ষণ, পারিশ্রমিক এবং পদোন্নতির ভিত্তি হল যোগ্যতা, কর্মসম্পাদন, দক্ষতা ও অভিজ্ঞতা।

আমরা অপ্রত্যাশিত বা অযথাযথ আচরণ, যে কোনো প্রকার অন্যায় ব্যবহার বা প্রতিশোধ সহ্য করি না। কর্মস্থলে এবং কর্মস্থলের বাইরে যে কোনো কাজ-সম্পর্কিত পরিস্থিতিতে হয়রানি সহ্য করা হয় না।

সমিতি গঠনের এবং সম্মিলিত দরকষাকষির স্বাধীনতা

আমরা, আমাদের কর্মচারীদের, প্রতিশোধ, হুমকি বা হয়রানির ভীতিবিহীনভাবে, একটি শ্রমিক ইউনিয়নে যোগ দেওয়ার, সংগঠিত হওয়ার বা যোগ না দেওয়ার অধিকারকে সম্মান করি। যেখানে কর্মচারীদের একটি আইনসম্মতভাবে স্বীকৃত ইউনিয়নের মাধ্যমে উপস্থাপন করা হয়, সেখানে তাদের স্বাধীনভাবে বাছাই করা প্রতিনিধিদের সাথে একটি গঠনমূলক কথোপকথন চালাতে আমরা অঙ্গীকারবদ্ধ। কোম্পানিটি সরল বিশ্বাসে এই ধরনের প্রতিনিধিদের সাথে দরকষাকষি চালাতে অঙ্গীকারবদ্ধ।

নিরাপদ ও স্বাস্থ্যকর কর্মস্থল

আমাদের কর্মচারীদের নিরাপত্তা ও স্বাস্থ্য সবচেয়ে গুরুত্বপূর্ণ। আমাদের নীতি হল একটি নিরাপদ ও সুস্থ কর্মস্থল প্রদান করা এবং নিরাপত্তা ও স্বাস্থ্য সংক্রান্ত প্রয়োজ্য আইন ও বিধিগুলি, একই সাথে অভ্যন্তরীণ আবশ্যিকতাগুলি মেনে চলা। আমরা আমাদের কর্মচারীদের সাথে পরামর্শ করে, দুর্ঘটনা, আঘাত ও স্বাস্থ্যের প্রভাবগুলির সনাক্তকৃত ঝুঁকিগুলির মোকাবিলা করা ও সেগুলির প্রতিবিধান করার মাধ্যমে একটি নিরাপদ, সুস্থ এবং ফলপ্রসূ কর্মস্থল প্রদান করা ও বজায় রাখার জন্য কাজ করি।

কর্মস্থলভিত্তিক সুরক্ষা

আমরা এমন একটি কর্মস্থল বজায় রাখার প্রতি অঙ্গীকারবদ্ধ যেটি অভ্যন্তরীণ ও বহিঃস্থ হুমকির কারণে হিংস্রতা, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং অন্যান্য অনিরাপদ বা সংহতিনাশক পরিস্থিতিগুলি থেকে মুক্ত। প্রয়োজন অনুসারে, কর্মচারীদের সুরক্ষামূলক প্রহারা দেওয়া হয়, এবং কর্মচারীদের গোপনীয়তা ও মর্যাদার প্রতি শ্রদ্ধা সহকারে তা বজায় রাখা হয়।

বলপূর্বক শ্রম ও মানব পাচার

আমরা, কারাশ্রম, শর্তাবদ্ধ শ্রম, চুক্তিভুক্ত শ্রম, সৈনিক শ্রম, দাসত্বের আধুনিক প্রকারগুলি ও মানব পাচারের যে কোনো প্রকার সহ সকল প্রকারের বলপূর্বক শ্রমের ব্যবহার নিষিদ্ধ করি।

শিশু শ্রম

যে সকল পদে বিপদজনক কাজের প্রয়োজন হয় সেগুলির জন্য আমরা 18 বছরের চেয়ে কম বয়সী ব্যক্তিদের নিয়োগ করা নিষিদ্ধ করি।

কাজের ঘন্টা, পারিশ্রমিক ও সুবিধা

আমরা শিল্পক্ষেত্র ও স্থানীয় শ্রম বাজারের সাপেক্ষে প্রতিযোগিতামূলকভাবে এবং সম্মিলিত দর কষাকষির চুক্তিগুলির প্রয়োজ্য শর্তগুলি অনুসারে কর্মচারীদের পারিশ্রমিক দিই। আমরা প্রয়োজ্য পারিশ্রমিক, কাজের ঘন্টা, ওভারটাইম এবং সুবিধাদান সংক্রান্ত আইনগুলির সম্পূর্ণ মান্যতা সুনিশ্চিত করার জন্য কাজ করি।

জমির অধিকার ও জল সম্পদ

আমাদের ড্যানু চেইন জুড়ে যে জমির ব্যবহার এবং জলের ব্যবহার হতে পারে এই ব্যাপারে মানবাধিকারগুলিকে শ্রদ্ধা করার গুরুত্বপূর্ণ তাৎপর্য আমরা উপলব্ধি করি, যেটিকে আমরা সুনির্দিষ্ট নীতি ও কাজের মাধ্যমে মোকাবিলা করি।

আমরা বিশেষভাবে খামার থেকে সরাসরি উপকরণগুলি না কিনলেও, কয়েকটি কৃষিজ পণ্যের প্রধান ক্রেতা হিসাবে আমাদের মূল্যবোধগুলির উপর ভিত্তি করে, স্থানীয় চাষী ও জনসমাজের জমির অধিকার সুরক্ষিত রাখতে সাহায্য করার জন্য পদক্ষেপ নিতে এবং আমাদের প্রভাব কাজে লাগাতে আমরা বাধ্য।

জল সরবরাহ, নিরাপদ পানীয় জল, এবং উপযুক্ত স্বাস্থ্যব্যবস্থার মাধ্যমে বাস্তবতা (প্রাকৃতিক ভারসাম্য) ও জনসমাজ উভয়েরই সুরক্ষার স্বায়ত্ত্বের প্রতি মানুষের চাহিদাকে আমরা সম্মান করি। আমাদের জল সংক্রান্ত ন্যস্ত দায়িত্বপালন কর্মসূচির মাধ্যমে, আমরা জলের প্রতি একটি অধিকার-ভিত্তিক পদক্ষেপ গ্রহণ করি যেটি স্থানীয় জল সংক্রান্ত ঝুঁকির মূল্যায়ন, সরকার, জনসমাজ এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে পরামর্শ ও সহযোগিতার মাধ্যমে ঝুঁকির তীব্রতা হ্রাস করে যাতে যেখানে ও যখন প্রয়োজন, জলের সমস্যার সমাধান গড়ে তোলা যায়, এবং আমাদের ব্যবস্থাপনাগুলিতে উৎস জলের সুরক্ষা পরিকল্পনাটিরও বাস্তবায়ন করা যায়।

স্বাস্থ্যকর জীবনধারা

আমরা পুষ্টি সংক্রান্ত স্বচ্ছ তথ্য এবং পানীয়ের বিকল্প সন্তার প্রদান করার প্রতি অঙ্গীকারবদ্ধ যাতে একটি স্বাস্থ্যকর জীবনধারার সাথে সঙ্গতিপূর্ণ অবহিত সম্মতি গ্রহণ করতে উপভোক্তাদের সমর্থ করা যায়।

কোনো প্রশ্ন বা সমস্যা আছে কি?

- অনুগ্রহ করে যে কোনো প্রশ্ন বা সমস্যা স্থানীয় পরিচালকবর্গ, মানব সম্পদ (Human Resources), আইন বিভাগ (Legal Department) বা কৌশলগত সুরক্ষার (Strategic Security) কাছে উত্থাপন করুন
- কর্মচারীরা www.KOethics.com এ EthicsLine সুরক্ষিত ইন্টারনেট ওয়েবসাইটের মাধ্যমে বা ওয়েবসাইটে প্রদত্ত তাদের স্থানটির জন্য উপলব্ধ নিঃশব্দ নম্বরে ফোন করার মাধ্যমে নীতির সন্নিধন লক্ষণ সম্পর্কেও রিপোর্ট করতে পারেন।

ইউরোপিয়ান ইউনিয়নে ব্যক্তিবিশেষের জন্য: অনুগ্রহ করে মনে রাখবেন যে, EU আইনের কারণে, EthicsLine ফোন বা ওয়েব পরিষেবাগুলি শুধুমাত্র অর্থনৈতিক, হিসাবরক্ষণ এবং নিরীক্ষা সংক্রান্ত বিষয়গুলির জন্য অনুমোদিত। মানব এবং কর্মস্থলের অধিকার সংক্রান্ত নীতির অধীন বিষয়গুলির সম্পর্কে জানানোর জন্য, আপনার স্থানীয় পরিচালকবর্গ, মানব সম্পদ এবং আপনার ওয়েবপোর্টাল বা আইন বিভাগের সাথে যোগাযোগ করুন।

যেকোন প্রশ্ন এবং আরো তথ্যের জন্য, ইমেইল করুন:

humanrights@cooca-cola.com

The Coca-Cola Company